গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৪

**বিসিএস পরীক্ষা উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা**

রাজশাহী, ০৬ শ্রাবণ (২১ জুলাই):

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ঘোষিত ৪৬তম বি.সি.এস. পরীক্ষার আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষা আগামী ২৪ জুলাই থেকে ০৩ আগস্ট তারিখ সকাল দশটা থেকে দুপুর একটা পর্যন্ত এবং পদ-সংশ্লিষ্ট বিষয়ের লিখিত পরীক্ষা আগামী ১১ আগস্ট হতে ২১ আগস্ট তারিখ সকাল দশটা থেকে দুপুর দুইটা পর্যন্ত রাজশাহী মহানগরীর বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষা চলাকালে আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কিছু নিষেধাজ্ঞা আরোপ করেছে ।

পরীক্ষা চলাকালীন সময়ে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৯ (ক), ২৯ (খ), ৩০ ধারার অর্পিত ক্ষমতাবলে পরীক্ষা কেন্দ্রের চারপাশে ২০০ (দুইশত) গজের মধ্যে সকল প্রকার মিছিল, মিটিং, সমাবেশ, বিক্ষোভ প্রদর্শন, মাইকিং, বিস্ফোরক দ্রব্য ও অস্ত্রশস্ত্র বহন এবং ০৪ (চার) জনের অধিক লোকজন একত্রে চলাচল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়া পরীক্ষা গ্রহণের দিনগুলোতে পরীক্ষা গ্রহণ শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর নিকটবর্তী ফটোকপির দোকানসমূহ বন্ধ রাখার জন্য বলা হয়েছে।

আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আরএমপি সূত্রে জানা গেছে।

আজ ২১ জুলাই আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নিষেধাজ্ঞা জারি করা হয়।

..................................................................
রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৬:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd